

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৩৪. নিফাসের সর্বনিম্ন ও সর্বোচ্চ মেয়াদ কত দিন?

এ বিষয়ে ধরাবাঁধা কোন মেয়াদের কথা কোন হাদীসে খুঁজে পাওয়া যায় না। তবে বাস্তবতার আলোকে দেখা যায়, ৭ দিনের কম এবং ৪০ দিনের বেশি সাধারণত হয় না। সাত দিন পরও যদি ভালো হয়ে যায় তবে গোসল করে নামায শুরু করে দেবে এবং রমযান হলে ফরয। রোযাও রাখতে আরম্ভ করে দেবে। আর যদি ৪০ দিন পরও কোন মহিলার নিফাসের রক্ত চলমান দেখা যায়, তাহলে চল্লিশ দিন শেষ হওয়ার সাথে সাথে গোসল করে নামায রোযা শুরু করে দেবে। চল্লিশোর্ধ্ব বর্ধিত দিনের এ রক্ত প্রবাহকে আর নিফাস ধরা হয় না। এটাকে একটা রোগ হিসেবে গণ্য করা হয়। আর এর নাম হলো ইস্তিহাদা বা রক্তপ্রদর।উল্লেখ্য যে, চল্লিশ দিন গণনা করবে সন্তান প্রসব হওয়ার দিন থেকে, নিফাসের রক্ত নির্গত হওয়ার শুরু থেকে নয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12873

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন